

- ১। সাথেৰ সাথী ছিল যারা, আমায় ছেড়ে গেল তারা,
কেহ নাহি চাইল ফিরে ॥
বাবা, আমার বলিতে কেহ নাই জগতে,
আমার দুঃখ দেখে চাবে ফিরে ॥
- ২। দেখলেম দুঃখেরই সময়, কেহ কারুর নয়,
যত আছে সংসারে ।
আমি দুঃখেরই সাগরে বেড়াই ঘুরিয়ে,
এমন বান্ধব নাই আমার ধরে ॥
- ৩। তুমি অকুলের কাণ্ডারী, দিয়ে চরণ তরী,
উঠাও আমায় কিনারে ।
দয়াল তোমার চরণের আশায় রহিল দিগ্বিজয়,
দুঃখের বোঝা মাথায় ক'রে ॥
---দিগ্বিজয়



৮৪ নং

তাল--একতাল

- এ জগতে দোষ দিব আর করে ।
লাভে মূলে সব খোয়ালেম, আমার আপন কর্মফেরে ॥
- ১। কামিনী কাঞ্চন ফুলে, মালা গেঁথে পরলেম গলে,
অতি যতন করে ।
মালা হ'ল কালবাধিনী, আমার মগজ খেল গ্রাস করে ॥
- ২। পিতৃধন মোর কোঠা ভরা, সব খেয়ে করেছে সারা,
ভাণ্ডার শূন্য একেবারে ।
মণিহারা, ফণীর মত আমি ভ্রমি এ সংসারে ॥
- ৩। পারের সম্বল নাই মোর, মোটে সঙ্ক্যাবেলা পারের ঘাটে,
বসে কাঁদি হয় হয় করে ।
পারের কর্তা শ্রীগুরুচাঁদ, যদি দয়া করে পার করে ॥